



ডিন, কলা অনুষদ

ঢাকা বিশ্ববিদ্যালয়

ফোন: ৫৮৬১৩৭৩৫, ৯৬৬১৯০০/৪৩৪০ (অফিস)

ফ্যাক্স: ৮৮০-২-৯৬৬৭২২২

E-mail : artsfaculty1921@gmail.com

৩০ এপ্রিল ২০১৮ খ্রিষ্টাব্দ

তারিখঃ ১৭ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ৭টি সরকারি কলেজ
কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট ২০১৭-২০১৮

বিষয় পরিবর্তনের গুরুত্বপূর্ণ তথ্যসমূহ

- এইচ.এস.সি./সমমান পর্যায়ে বিজ্ঞান/বিজনেস স্টাডিজ শাখা থেকে উত্তীর্ণ হয়ে, ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক শ্রেণির যথাক্রমে বিজ্ঞান ও বাণিজ্য ইউনিটে পরীক্ষা দিয়ে এবং কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটে পছন্দক্রম ফরম পূরণের মধ্য দিয়ে যে সব শিক্ষার্থী কলেজ ও বিষয় মনোনয়ন পেয়েছে শুধু তারাই বিষয় পরিবর্তনের জন্য আবেদন করতে পারবে। মেধাক্রমের ভিত্তিতে বিষয় পরিবর্তন সম্পন্ন হবে। শিক্ষার্থীরা আগামী ০৫-০৫-২০১৮ তারিখ রাত ৯:০০ টা থেকে ০৭-০৫-২০১৮ তারিখ দুপুর ২:০০ টা পর্যন্ত সময়ের মধ্যে অনলাইনে আবেদন করতে পারবে।
- উল্লেখ থাকে যে, কোনো অবস্থাতেই কলেজ পরিবর্তন করা যাবে না। কেবল একই কলেজেভুক্ত বিভিন্ন বিষয়ের মধ্যে বিষয়-পরিবর্তন প্রক্রিয়া চালু থাকবে।
- কোনো শিক্ষার্থী বিষয় পরিবর্তন প্রক্রিয়ায় অংশগ্রহণ করলে এবং সেই শিক্ষার্থী বিষয় পরিবর্তনের সুযোগ পেলে তাকে পরিবর্তিত বিষয়ে অধ্যয়ন করতে হবে। কোনোক্রমেই পূর্ববর্তী বিষয়ে ফেরত যাওয়া যাবে না।
- একজন শিক্ষার্থী যে কয়টি বিষয়ে অধ্যয়নের যোগ্য তার সবকটি বা তার চেয়ে কম সংখ্যক বিষয় পছন্দের জন্য নির্ধারণ করতে পারবে।
- বিষয় পরিবর্তনের পছন্দক্রম চূড়ান্ত হলে “Final Submission” বাটন ক্লিক করতে হবে। তা না হলে বিষয় পরিবর্তনের আবেদন গ্রহণযোগ্য হবে না।
- বিষয় পরিবর্তন প্রক্রিয়ায় যারা অংশগ্রহণ করবে না তাদের বর্তমান মনোনীত বিষয়ই চূড়ান্ত বলে গণ্য হবে।

(অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন)

ডিন, কলা অনুষদ ও

প্রধান সমন্বয়কারী

কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট